যুগান্তর

JUN 22 2002

তারিখ ...
পৃষ্ঠা ...৭... কলাম ...৬...

# শিক্ষক নিয়োগে দুর্নীতি

গত ১৪ জুন প্রাথমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক নিয়োগের লিখিত পরীক্ষা হয়ে গেল। কিন্তু সুষ্ঠুভাবে পরীক্ষা সম্পাদন হয়েছে কি? পরীক্ষার আগে প্রশ্নপত্র ফাঁস, নকলের দায়ে পরীক্ষার্থী বহিষ্কার, গ্রেফতার যেন প্রাথমিক শিক্ষার মাঝে কলংকের কালিমা লেপে দিয়েছে। এসব অনিয়ম ও অসদুপায় অবলম্বনের জন্য কাকে দায়ী করব? অনেকে বলবেন প্রশাসনের নীতিনির্ধারণ ও ব্যবস্থা গ্রহণে ত্রুটির কারণে এসব ঘটনার সৃষ্টি হয়। কিন্তু প্রশাসন তো পরীক্ষার হলে নকল করার জন্য ও প্রক্সি পরীক্ষা দেয়ার জন্য বলেনি। তবে প্রশ্নপত্র ফাঁসের ব্যাপারে প্রশাসনের কিছু লোককে দায়ী করা যায়। অনেক মেধাবী চাকরিপ্রার্থী অংশগ্রহণ করেছে ঠিক কিন্তু মানসিক দিক দিয়ে তারা সম্পূর্ণ বিকারগ্রস্ত হয়ে পড়েছে। অনেক এলাকায় অবাধে নকল, অনিয়ম, দুর্নীতি ও স্বজনপ্রীতি প্রকৃতভাবে শিক্ষার মানকে নিয়ে যাচ্ছে অন্ধকারে। এই করুণ অবস্থা সামনে রেখে কিভাবে প্রকৃত শিক্ষার মান উন্নয়ন সম্ভব? যেসব ঘটনা ঘটে গেল তার বিরুদ্ধে কি প্রশাসনের কিছুই করার নেই? ভবিষ্যতেও কি এভাবে চলবে আমাদের শিক্ষা ব্যবস্থা?

**ওয়াহিদুল হাসান (সুমন)**
বিএসসি (বিএড) এমএসসি (এপিয়ার্ড), পরিসংখ্যান-বিভাগ, জগন্নাথ বিশ্ববিদ্যালয়